মেহেরপুরে ডিবি পুলিশের অভিযানে ৫ গ্রাম হেরোইনসহ যুবক আটক

৫ গ্রাম হেরোইনসহ মহিবুল ইসলাম (৩০) নামের এক যুবককে গ্রেফতার করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের(ডিবি) একটি টিম। আটক মহিবুল ইসলাম মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর গ্রামের আব্দুল মান্নানের ছেলে।

গোপন সংবাদের ভিত্তিতে আজ বুধবার (২৩ নভেম্বর) বিকালের দিকে ডিবি পুলিশের একটি টিম সদর থানার সীশান্তবর্তি হরিরামপুর গ্রামের স্কুল পাড়া এলাকা থেকে তাকে আটক করা হয়।

জেলা গোয়েন্দা পুলিশ(ডিবি)ভারপ্রাপ্ত কর্মকর্তা(ওসি) সাইফুল আলম এ তথ্য নিশ্চিত করেছেন।

জেলা গোয়েন্দা পুলিশ(ডিবি)ভারপ্রাপ্ত কর্মকর্তা(ওসি) সাইফুল আলমের নেতৃত্বে উপপরিদর্শক (এসআই) জুম্মান,এস আই মহসিন, এএসআই হেলাল, এএসআই মাসুদ ও সঙ্গীয় ফোর্স অভিযানে অংশ নেন।

হেরোইন উদ্ধারের ঘটনায় মেহেরপুর সদর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দিয়ে আসামিকে থানায় হস্তান্তর করা হয়েছে।

দামুড়হুদায় পাওয়ার ট্রিলারের চাকায় হাওয়া বিস্ফোরণে কিশোর কর্মচারী নিহত

দামুড়হুদায় পাওয়ার ট্রিলারের চাকায় হাওয়া দিতে গিয়ে বিস্ফোরণের ঘটনায় রহিম (১১) নামের এক কিশোর কর্মচারী নিহত হয়েছে।

এ ঘটনায় দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহিদ জানান, ঘটনাটি জানতে পেরে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। তবে এ বিষয় নিহতের পরিবার থেকে এখনও পর্যন্ত কোনো অভিযোগ পাওয়া যায়নি। অভিযোগ পেলে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থাগ্রহণ করা হবে।

বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপে অংশ নিতে খুলনায় মেহেরপুরের জেলা পুরুষ ও নারী দল

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোল্ড কাপ ফুটবল খেলায় অংশগ্রহণের জন্য মেহেরপুর জেলা পুরুষ ও নারী দল খুলনার উদ্দেশ্যে আজ বুধবার (২৩ নভেম্বর) সকালের রওনা দিয়েছে।

মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান অংশগ্রহণকারীদের শুভ কামনা জানিয়ে বিদায় জানান। এসময় মেহেরপুর ক্রীড়া অফিসের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান গোল্ডকাপ খেলায় অংশগ্রহণের জন্য ২২ সদস্যের মেহেরপুর জেলা পুরুষ দল ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোল্ড কাপে অংশগ্রহণের জন্য ২১ সদস্যের মেহেরপুর জেলা মেয়ে দল নির্বাচিত করা হয়েছে।

বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপে জেলা মেয়ে দলের সদস্যরা হলেন বন্যা, শ্রাবনী, সুমাইয়া, আদুরী, শনিতা, জুঁই, জুথি, কবিতা, রিয়া রোমানা, রিংকি, শাপলা, সিমি, রিংকি, সুমাইয়া, হালিমা, রিমা, তামান্না, নুপুর, সোনিয়া, মোহনা এবং মুসলিমা।

ছেলে দলের সদরা হলেন লিখন, ইমরান, জিহাদ, আশিক, বায়েজিদ,

সাকলাইন, সায়েম আহমেদ, ওবায়দুল ইসলাম, সাদউল্লাহ, আরাফাত, অনিক, হুসাইন, সৌরভ, রিমন রেজা, বারিউল, শামীম রেজা, সোহান মিয়া, গাফফারুল, আবু সায়ীদ, সাব্বির এবং লালচাঁদ।

জাতীয় ক্রীড়া পরিদপ্তরের উদ্যোগে খুলনায স্টেডিয়ামে এই খেলা অনুষ্ঠিত হবে।

গাংনীতে মেয়ে ভাগানোর দোষ দিয়ে যুবককে পিটিয়ে জখম

প্রেমে সহযোগীতা দিয়ে মেয়েকে ভাগিয়ে দিয়েছে এই অভিযোগে রতন আলী
(৩৫) নামের এক যুবককে বাঁশ দিয়ে পিটিয়ে দুই হাত ভেঙ্গে দিয়েছে।

আহত রতন গাংনী উপজেলার কসবা গ্রামের ডুবাপাড়া এলাকার মনোয়ার হোসেনের বড় ছেলে। হামলাকারি একই গ্রামের জারু’র ছেলে ফজল হোসেন।

স্থানীয়রা আহত রতনকে উদ্ধার করে প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেন। পরে তার শারীরিক অবস্থার অবনতি হওয়ায় কর্তব্যরত চিকিৎসক কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল রেফার্ড করেন।

মঙ্গলবার বিকালের দিকে প্রকাশ্যে দিবালোকে কসবা বাজারে উপর এই হামলার ঘটনা ঘটে। রতনের দুই হাত ভেঙ্গে চুরমান হয়ে গেছে বলে জানিয়েছেন কর্তব্যরত চিকিৎসক।

আহত রতন বলেন, আমাকে মোবাইল ফোনে ডাক দিলে আমি বাজারে আসি। বাজারে আসার সাখে সাখে আমাকে মোটরসাইকেলের উপর থেকেই দু হাতে আঘাত করতে থাকে। আমার চিৎকারে মানুষ জন ছুটে এলে সে পালিয়ে যায়।

আহতের পরিবারের লোকজন জানান, হামলাকারী ফজলুর পরিবারের একটি মেয়ে ছেলের সাথে পালিয়ে গেছে। সে ঘটনায় রতনকে তার সহযোগী হিসেবে দোষ দিয়ে তারা এই হামলার ঘটনা ঘটিয়েছে।

[redacted]

[redacted]

[redacted]

ইয়ারুল হোটেলের মালিক ইয়ারুল সহযোগীসহ জেলে

রোগাক্রান্ত গাভীর মাংস বিক্রি করার অপরাধে মেহেরপুর কলেজ মোড়ের ইয়ারুল হোটেলের মালিক ইয়ারুল ইসলামসহ তার সহযোগী মজিবর রহমানকে জেলে পাঠিয়েছে আদালত।
মঙ্গলবার দুপুরে মেহেরপুরের বিশুদ্ধ খাদ্য আদালতের বিচারক এস এম শরিয়ত উল্লাহ তাদের জেলে পাঠানোর আদেশ দেন।
জেলা নিরাপদ খাদ্য অফিসার রিয়াজ মাহমুদ এর নেতৃত্বে সঙ্গীয় ফোর্সসহ স্টেডিয়াম পাড়া সংলগ্ন পারভেজ কসাইয়ের বাড়িতে রোগাক্রান্ত গাভীর মাংস বিক্রির খবর পেয়ে অভিযান পরিচালনা করা হয়। অভিযান টিমটি জানতে পারেন ওই মাংস ইয়ারুল হোটেলে বিক্রি করা হয়েছে। পরে ইয়ারুল হোটেল অভিযান পরিচালনা করে সেখান থেকে ৩২ কেজি মাংস জব্দ করা হয়। এসময় আসামী ইয়ারুল ইসলাম ও তার সহযোগী মজিবর কে আটক করে আদালতে প্রেরণ করা হলে বিচারক তাকে জেলে পাঠানো নির্দেশ দেন। এবং প্রধান আসামি পারভেজ কসাই পলাতক থাকায় তার বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারি করেন আদালত। আগামী ৩০ নভেম্বর মামলার পরবর্তি দিন ধার্য করা হয়েছে।
নিরাপদ খাদ্য কর্মকর্তা আরো জানান, আসামীরা দীর্ঘদিন ধরে যোগসাজশ করে এধরণের কর্মকান্ড চালিয়ে যাচ্ছিল। পরবর্তীতে আদালতের নির্দেশে জব্দকৃত মাংস ধবংস করা হয়।
অভিযানে সহযোগিতা করেন নিরাপদ খাদ্য পরিদর্শক তারিকুল ইসলাম ও মনিরুল ইসলামসহ সদর থানা পুলিশের একটি টিম।
উল্লেখ্য, অস্বাস্থ্যকর পরিবেশ ও নিম্মমানের খাবার বিক্রি নিয়ে ইয়ারুল হোটেলের বিরুদ্ধে মেহেরপুর প্রতিদিনে সংবাদ প্রকাশ হলে আদালত তার বিরুদ্ধে স্বপ্রনোদিত মামলা দায়ের করেন। তারপরও তাকে সতর্ক হওয়ার নির্দেশ দেন আদালত। তবুও সে নিম্মমানের খাবার বিক্রি করে মানুষের সাথে প্রতারণা করে আসছেন।

মিরপুরে আনসার-ভিডিপির সমাবেশ অনুষ্ঠিত

কুষ্টিয়ার মিরপুরে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর উপজেলা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার সকালে উপজেলা মিলনায়তনে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা কমান্ড্যান্ট সোহেলুর রহমান। উপজেলা নির্বাহী কর্মকর্তা আব্দুল কাদেরের সভাপতিত্বে প্রধান আলোচক ছিলেন উপজেলা চেয়ারম্যান কামারুল আরেফিন।

এতে বিশেষ অতিথি ছিলেন পৌর মেয়র হাজী এনামুল হক, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) হারুন অর রশিদ, উপজেলা আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের ব্যবস্থাপক ফাতৌসী বেগম, অবসরপ্রাপ্ত উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জামাল উদ্দিন, মিরপুর প্রেসক্লাবের সহ-সভাপতি রাশেদুজ্জামান রিমন প্রমুখ। শুভেচ্ছা বক্তব্য রাখেন উপজেলা আনসার-ভিডিপি কর্মকর্তা রেজওয়ান আহমেদ।

অনুষ্ঠানটি পরিচালনা করেন কুমারখালি উপজেলা আনসার ও ভিডিপির প্রশিক্ষক হামিদা পারভীন।

অনুষ্ঠানের পূর্বে অতিথিবৃন্দ কেক কাটেন এবং পরে একটি বর্নাঢ্য শোভাযাত্রা বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। অনুষ্ঠান শেষে কাজের স্বীকৃতি স্বরূপ ১১ জন আনসার-ভিডিপি সদস্যকে পুরষ্কৃত করা হয়।

মেহেরপুর ট্রাফিক পুলিশ বিভাগের অভিযান, ৪ টি মামলা

মোটরসাইকেলের বৈধ কাগজপত্র না থাকায় ৪ টি মোটরসাইকেলের মালিকের বিরুদ্ধে মোটরজান আইনে মামলা দিয়ে মোটরসাইকেলগুলো জব্দ করেছে মেহেরপুর ট্রাফিক বিভাগ।

মঙ্গলবার (২২ নভেম্বর) দুপুর ট্রাফিক সার্জেন্ট আলামিন হোসেন এর নেতৃত্বে শহরের বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে মামলা দিয়ে ৪ টি মোটরসাইকেল জব্দ করেন। এসময় তিনি প্রায় ২০ টি মোটরসাইকেলের কাগজপত্র ও মালিকের প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষা করেন।

মেহেরপুর জেলা ট্রাফিক পুলিশ বিভাগের সার্জেন্ট আলামিন হোসেন এ তথ্য নিশ্চিত করেন। তিনি বলেন, মোটরসাইকেলের বৈধ কাগজপত্র ও চালকের ড্রাইভিং সহ প্রয়োজনীয় কাগজপত্র চেক অব্যাহত থাকবে।

গাংনীতে সমবায়ীদের দিনব্যাপী যৌথসভা ও ই-প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

গাংনীতে সমবায় অধিদপ্তরের উদ্যোগে সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি প্রকল্প (৩য় পর্যায়ে) সমবায়ীদের নিয়ে দিনব্যাপী যৌথসভা ও ই-প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

গাংনী উপজেলা সমবায় অফিসের আয়োজনে মঙ্গলবার (২২ নভেম্বর) সকাল ১০ টার সময় গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে এই প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্টুর সভাপতিত্বে অনুষ্ঠিত প্রশিক্ষণে প্রধান অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমএ খালেক।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা সমবায় অফিসের উপ সহকারী নিবন্ধক মো. এনামুল হক, বীর মুক্তিযোদ্ধা মো. সোহরাব হোসেন।

কর্মশালায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা সমবায় অফিসের পরিদর্শক নুরুজ্জামান, সহকারী পরিদর্শক হাফিজুর রহমান, সমবায়ী মশিউর রহমান পলাশ, হুমায়ুন কবির রিপন, তন্ময় হুদা

বিশ্বাস, রাকিবুল হাসান, শফিউল ইসলাম প্রমূখ। দিনব্যাপি এই প্রশিক্ষণ কর্মশালায় এই প্রকল্পের ৬০ জন সমবায়ী সদস্য অংশগ্রহণ করেন।

খাদ্য সংকট দুর করতে বাড়ির আঙিনায় সব্জীর চাষ করতে হবে - এমপি খোকন

মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন বলেন, আগামীতে খাদ্য সংকট দুর করতে বাড়ির আঙিনায় সব্জীর চাষ করতে হবে। বিশেষ করে আমাদের বাড়ির আঙিনার পতিত জমিগুলো বিভিন্ন শাক সব্জীতে ভরিয়ে তুলতে হবে। এক খন্ড জমিও ফেলে রাখা যাবেনা। পতিত জমিগুলোর পাশাপাশি আমাদের বাড়ির ছাদেও সব্জী চাষ করতে হবে। এর ফলে আমাদের যেমন খাদ্য সংকট দুর হবে তেমনি আর্থিকভাবেও লাভবান হতে পারবো।

মঙ্গলবার (২২ নভেম্বর) সকাল ১০ টার দিকে গাংনী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী ও অভিভাবকদের মাঝে বিভিন্ন সব্জীর বীজ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

গাংনী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পারভেজ সাজ্জাদ রাজার সভাপতিত্বে অনুষ্ঠিত সব্জী বীজ বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা ভারপ্রাপ্ত প্রাথমিক শিক্ষা অফিসার সামসুজ্জোহা।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, গাংনী উপজেলা আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা, সাংগাঠনিক সম্পাদক মনিরুজ্জামান মনি মাষ্টার, আওয়ামীলীগের বিশিষ্ট নেতা মনিরুজ্জামান আতু, কাথুলি ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোজাম্মেল হক, সাবেক ছাত্র নেতা আনিসুজ্জামান লুইচ, গাংনী পৌর যুবলীগের সাধারণ সম্পাদক রাহিবুল ইসলাম, জেলা ছাত্রলীগের সাবেক

সহসভাপতি সাইফুজ্জামান শিপু প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন এমপি আরো বলেন, আমরা এখন নানা ধরনের ভেজাল খাবার খেয়ে পেটের পিড়াসহ নানা ধরণের অসুখে ভুগছি। আমরা পতিত জমি গুলো ব্যবহার করে বিষমুক্ত খাদ্য উৎপাদন করে আমাদের শরীর ও মন ভাল রাখতে পারবো।

খাদ্য সংকট সময়ে নিজ নিজ অবস্থানে থেকে নিজেদের পরিতত জমিতে কৃষির মাধ্যমে চাষ করা ও সবাইকে উদ্বুদ্ধ করার আহবান জানান তিনি। সব্জী বীজের পাশাপাশি বিভিন্ন সব্জীর গাছও তুলে দেন প্রধান অতিথি।